

‘এসএসসির পুনর্নিরীক্ষণের’

ফল ৮ জুন

২৯ বিষয়ে আবেদন ১১৫৯১৮টি

এম এইচ রবিন •

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার পুনর্নিরীক্ষণের ফল প্রকাশ করা হবে ৮ জুন। এ বছর ২৯টি বিষয়ে ১ লাখ ১৫ হাজার ৯১৮টি উত্তরপত্রের ফল পরিবর্তনের আবেদন জমা পড়েছে ঢাকা শিক্ষা বোর্ডে।

সংশ্লিষ্ট সূত্রের তথ্য অনুযায়ী শিক্ষার্থীরা সবচেয়ে বেশি আবেদন করেছে ইংরেজি প্রথম পত্রে ১৪ হাজার ১৫৪টি এবং ইংরেজি দ্বিতীয় পত্রে ১৪ হাজার ১৫৪টি উত্তরপত্র। এরপর ক্রমান্বয়ে আবেদনের সংখ্যা গণিতে ১২ হাজার ৮০৬, বাংলাদেশ ও বিশ্বপরিচয়ে ১১ হাজার ৩১৬, বাংলা প্রথম পত্রে ১০ হাজার ৪৫৮, বাংলা দ্বিতীয় পত্রে ১০ হাজার ৪৫৮, ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষায় ৯ হাজার ৫৫৪, রসায়নে ৭ হাজার ৩০৭, জীববিজ্ঞানে ৫ হাজার ৬০। মাত্র ১টি আবেদন করা হয়েছে বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষায়। ব্যবসায় উদ্যোগে ২ এবং চারু ও কারুকলা বিষয়ে আবেদন করেছে ৪ জন।

গত ১১ মে এ বছরের এসএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ করা হয়। পরীক্ষায় গড় পাসের হার ৮৮.২৯ শতাংশ। এ বছর মোট জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৯ হাজার ৭৬১ জন। ১২ থেকে ১৮ মে পর্যন্ত ফল পুনর্নিরীক্ষণের আবেদন গ্রহণ করে শিক্ষা বোর্ড।